# 'আইনসম্মতভাবে' আড়ি পাতার ব্যবস্থা চালুর উদ্যোগ সংবিধান ও মৌলিক অধিকার লঙ্ঘনের ক্ষেত্র তৈরি করবেঃ হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)

**[১৬ জানুয়ারি ২০২৩, ঢাকা]** ইন্টিগ্রেটেড ল'ফুল ইন্টারসেপশন সিস্টেম বা আইনসম্মত মোবাইল ফোন ও ইন্টারনেট মাধ্যমে যোগাযোগে আড়ি পাতার ব্যবস্থা চালু করার উদ্যোগ নিয়েছে সরকার। গত ১২ জানুয়ারি ২০২৩ জাতীয় সংসদে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এ তথ্য জানিয়েছেন। এ ধরনের উদ্যোগ জনমনে ব্যাপক উৎকণ্ঠা তৈরি করেছে। একইসাথে, এমন উদ্যোগ সংবিধান ও নাগরিকদের মানবাধিকার লঙ্ঘনের নামান্তর বলে হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) গভীরভাবে উদ্বিগ্ন।

ফোরাম মনে করে, সংবিধানে নাগরিকদের ব্যক্তিগত তথ্য ও যোগাযোগের গোপনীয়তার নিশ্চয়তা প্রদান করা হয়েছে, যা এমন উদ্যোগে গুরুতরভাবে লঙ্ঘিত হওয়ার সম্ভাবনা তৈরি হয়। এছাড়া 'আড়িপাতা' ও 'নজরদারি' সংক্রান্ত বিদ্যমান নানাবিধ শংকা ও ভীতি মানুষের মধ্যে আত্ম-নিয়ন্ত্রণের প্রবণতা বৃদ্ধি করবে, মুক্তচিন্তার চর্চা ও প্রকাশ, গঠনমূলক সমালোচনা তথা গণতন্ত্রের চর্চার ক্ষেত্র আরো সংকুচিত করে ফেলবে। এমন উদ্যোগসমূহ গ্রহণের সময় রাষ্ট্রীয় স্বার্থসংক্রান্ত নানা যুক্তি দেখানো হলেও পরবর্তীতে তা নাগরিকদের ব্যক্তিগত গোপনীয়তা, বাক স্বাধীনতা ও মতপ্রকাশ, মুক্তচিন্তা ও বুদ্ধির চর্চা বা সমবেত হওয়ার অধিকার লঙ্ঘনসহ ভিন্নমতাবলম্বীদের দমনে চরমভাবে অপব্যবহার করা হয়। অধিকাংশ ক্ষেত্রে 'রাষ্ট্রবিরোধী' ও 'সরকারবিরোধী' কর্মকাণ্ডকে একই পাল্লায় মাপা হয়। আরেকটি বিষয় উল্লেখ করা প্রয়োজন যে, বেশ কয়েক বছর ধরে নিয়মিত বিরতিতে বিভিন্ন ফোনালাপ ফাঁস হওয়ার একটি প্রবণতা লক্ষ্য করা গেছে যা থেকে প্রতীয়মান এ ধরনের 'আড়িপাতা'র চর্চা ইতোমধ্যে বিদ্যমান রয়েছে। দুঃখজনক হলেও সত্য যে কেবলমাত্র ১২ জানুয়ারির সংসদ অধিবেশনে এ বিষয়ে সরকারের পক্ষ থেকে বক্তব্য পাওয়া গেছে।

ব্যক্তিগত তথ্য ও যোগাযোগের গোপনীয়তার অধিকার ক্ষুণ্ন করে এমন ঝুঁকিপূর্ণ পদক্ষেপ গ্রহণ করা থেকে বিরত থাকার জন্য সরকারকে আহ্বান জানাচ্ছে এইচআরএফবি। একইসাথে আড়ি পাতার ব্যবস্থা চালু সংক্রান্ত যে কোনো উদ্যোগ অবশ্যই সংবিধান, মানবাধিকারের মূলনীতি এবং নজরদারিসংক্রান্ত আন্তর্জাতিক মানদণ্ড বজায় রেখে নেয়ার দাবি জানাচ্ছে ফোরাম।

**Secretariat:**
Ain o Salish Kendra (ASK)
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197 | HRFB Email: hrfb.20@gmail.com | Website: https://hrf-bd.org/
**Experts:**
Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy
**Forum Members:**
Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).